



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 6 OCTOBER 2026, TUESDAY | ৬ অক্টোবর ২০২৬, মঙ্গলবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-302

হাসিমারায় বিমানবন্দর তৈরি হবে, মৌ স্বাক্ষর হয়েছে কলকাতায়



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ৫ অক্টোবর : পুজোর মুখে ডুয়ার্সবাসীর জন্য বড় সুখবর। রাজ্যে নতুন চারটি বিমানবন্দর তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। তার মধ্যে একটি বিমানবন্দর হতে চলেছে আলিপুরদুয়ারা জেলার হাসিমারায়। সোমবার নবান্নে মৌ স্বাক্ষরিত হল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু। কেন্দ্রীয় মন্ত্রীর বক্তব্য অনুযায়ী , রাজ্যে যে চারটি বিমানবন্দর গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে, সেগুলি হবে পুরুলিয়ার ছররা , পশ্চিম মেদিনীপুরের কালাইকুন্ডা, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট এবং আলিপুরদুয়ারের হাসিমারায়। হাসিমারা ইতিমধ্যেই উত্তরবঙ্গের অন্যতম গুরুত্বপূর্ণ এলাকা। এখানে বায়ুসেনার গুরুত্বপূর্ণ ঘাঁটি রয়েছে। এবার সিভিল এয়ারপোর্ট চালু হলে ডুয়ার্সের পর্যটন , ব্যবসা-বাণিজ্য এবং যোগাযোগ ব্যবস্থায় নতুন গতি আসবে বলে মনে করছেন স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ীরা। বিশেষ করে জয়গাঁও , কালচিনি , হাসিমারা-সহ বিস্তীর্ণ এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ডে এর প্রভাব পড়তে পারে। বিমানবন্দর তৈরির খবর হুড়িয়ে পড়তেই হাসিমারা , জয়গাঁও ও কালচিনি এলাকায় উচ্ছাস দেখা যায়।

গাড়ির ধাক্কায় মৃত্যু চিতাবাঘের, চাঞ্চল্য এলাকায়



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , জলপাইগুড়ি , ৫ অক্টোবর : জলপাইগুড়ি জেলার নাগরাকাটার ডায়ানা সেতুর কাছে সতেরো নম্বর জাতীয় সড়কের উপর রবিবার রাতে একটি চিতাবাঘকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। তারা খবর দেন বন দপ্তরের ডায়ানা রেঞ্জ। খবর পেয়ে রেঞ্জার সৌম্য রায় বন কর্মীদের নিয়ে ঘটনাস্থলে পৌঁছান ও চিতা বাঘের দেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠান। তিনি জানান সম্ভবত ডায়ানার জঙ্গল থেকে বেরিয়ে চিতাবাঘটি রাস্তা পেরোনোর সময় কোনো গাড়িতে ধাক্কা খায় ও এটির মৃত্যু হয়। এটি আনুমানিক পাঁচ বছর বয়সী একটি স্ত্রী চিতাবাঘ। তিনি আরও জানান এই এলাকাটি বন্য প্রাণীদের চলাচলের করিডর, এখানে যানবাহন ধীরগতিতে ও সাবধানে চালানোর জন্য মাঝে মাঝেই চালকদের সতর্ক করে দেওয়া হয়। এদিন যে গাড়ির সাথে ধাক্কা লেগেছে সেটি পালিয়ে যায়। গাড়ি চালক সচেতন হলে এই দুর্ঘটনাটি এড়ানো সম্ভব হতো বলে মন্তব্য করেন রেঞ্জার সৌম্য রায়।

নারী ও শিশু সুরক্ষা সহ যেকোনো প্রয়োজনে পুলিশি সহায়তার লক্ষ্যে টোল ফ্রি হেল্পলাইন ‘১১২’ চালু করতে চলেছে রাজ্য বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ডাক্তার সেহানবিশ , এই যুগ , হাওড়া , ৫ অক্টোবর : আজ নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেন যে রাজ্য সরকারের বিভিন্ন সরকারি ও আধা সরকারি দপ্তরে কর্মবন্ধুদের মাসিক সামান্যিক পাঁচ হাজার টাকা থেকে বাড়িয়ে ৮ হাজার টাকা করা হলো। চলতি মাস থেকেই এই সামান্যিক বৃদ্ধি কার্যকর করা হচ্ছে। এছাড়াও নারী ও শিশু সুরক্ষা সহ যে কোনো সমস্যায় পুলিশি সহায়তার জন্যে একটি টোল ফ্রি হেল্পলাইন চালু করতে চলেছে রাজ্য সরকার। এর নম্বর হলো ১১২। মুখ্যমন্ত্রী এবং পুলিশ মন্ত্রী শুভেন্দু অধিকারী আজ সাংবাদিকদের প্রশ্নোত্তরে বলেন , “আগামী শনিবার মহালয়ার দিন কলকাতার ব্রিগেড গ্রাউন্ডে একটি সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে এই হেল্পলাইন নম্বর ‘১১২’ এর সূচনা করা হবে।

সোনার বিস্কুট সহ গ্রেপ্তার চার



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ৫ অক্টোবর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বাগডোগরা থানার পুলিশের সাদা পোষাকের একটি দল বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে বাগডোগরা বিমান বন্দর লাগোয়া জাতীয় সড়কে অভিযান চালিয়ে একটি বিলাসবহুল চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ির ভেতরে বিশেষ ভাবে নির্মিত একটি কুঠুরি থেকে উদ্ধার হয় চারটি সোনার বিস্কুট। উদ্ধার করা সোনার বিস্কুটের ওজন চারশ ছেষটি গ্রাম বলে জানিয়েছে পুলিশ। গাড়িতে থাকা দুই ব্যক্তি সোনার কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাদের গ্রেপ্তার করে পুলিশ। জানা গেছে ধৃতরা হলো রমন কুমার (২৯) ও সাওয়ান কুমার (২২), দুজনেই বিহারের সহর্যার বাসিন্দা। গাড়ি সহ সোনা বাজেয়াপ্ত করে ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

নাবালিকাকে ধর্ষণ করে খুন ,অভিযুক্তর ফাঁসি ঘোষণা আদালতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ অক্টোবর : প্রায় দেড় বছরের মাথায় মিলল বিচার জয়গাঁ নাবালিকা গণধর্ষণ কান্ডের। অভিযুক্ত চারজনের বিরুদ্ধে সাজা শোনাল আলিপুরদুয়ার জেলা আদালতের বিচারপতি। ঘটনায় প্রধান অভিযুক্ত বাবলু মিয়ার ফাঁসির সাজা ঘোষণা হয়েছে। বাকি তিনজনের আজীবন কারাদণ্ড-এর আদেশ দেওয়া হয়েছে আদালতের তরফে। ২০২৪ সালে ১৪ অক্টোবর জয়গাঁর ডালডাড়াড়ি মাঠের পরিত্যক্ত গোড়াউন থেকে মেলে এক নাবালিকার আধপোড়া দেহ। তাঁর দেহে পোশাক ছিল না বললেই চলে। ধর্ষণ করে মেয়েটিকে খুন করা হয়েছে বুঝে যান সকলে। এরপর পুলিশ তদন্তে নেমে জানতে পারে মেয়েটিকে গণধর্ষণ করে খুন করা হয়। এরপর প্লাস্টিকে মুড়িয়ে একটি বোপে ফেলে দিয়েছিল জাইরুল ও মনিরুল হোসেন ও তাঁদের এক সহযোগী। এরপর নাবালিকার দেহ উদ্ধার করে জয়গাঁ থানার পুলিশ। এই বর্ণনা শুনলে যে কারও গাঁ শিউরে উঠবে সেটাই স্বাভাবিক। ফুলের মত এক শিশুকন্যার সঙ্গে এমন ঘটনা ঘটেছে জানার পর এলাকায় আরও ক্ষোভ দেখা যায়। অভিযুক্তদের গ্রেফতার করে আলিপুরদুয়ার আদালতে পাঠায় জয়গাঁ থানার পুলিশ। এরপর আদালতে ওঠে মামলা। দেড় বছর ধরে চলে বিচার। সোমবার প্রধান অভিযুক্তকে ফাঁসি এবং বাকি তিন অভিযুক্তকে আজীবন কারাদণ্ডে দণ্ডিত করেছে আদালতের বিচারপতি। হাওড়া থেকে আগত আইনজীবী দেব রঞ্জন বন্দ্যোপাধ্যায় এই মামলা লড়ছিলেন নাবালিকার পরিবারের তরফে। তিনি জানান, “২২ জনের সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে এই সাজা ঘোষণা হয়েছে। নাবালিকার পরিবার চেয়েছিল সর্বোচ্চ সাজা। এই বিচারদান এক দৃষ্টান্ত।”

ভোটের তালিকায় নাম তুলে দেওয়ার জন্য টাকা নেওয়ার অভিযোগ থানায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ অক্টোবর : ভোটের তালিকায় নাম তুলে দেওয়ার জন্য বিজেপি নেতা আড়াই হাজার টাকা নিয়েছিলেন দেবশীষ দেবনাথ নামে এক ব্যক্তির কাছে। ছয় মাস আগে তার কাছ থেকে টাকা নিলেও তিনি ভোটের তালিকায় নাম তুলে দিতে পারেননি তার স্ত্রীর। আলিপুরদুয়ার জেলার মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বিজেপির পঞ্চায়েত সদস্য বিজয় দেবনাথ এই টাকা নিয়েছিলেন এমনটাই অভিযোগ দেবশীষ দেবনাথের। বেশ কিছুদিন যাবৎ টাকা দেওয়ার জন্য কাকে ফোন করা হলেও তিনি আজ দিবেন কাল দিবেন বলে এড়িয়ে যাচ্ছিলেন। দেবশীষ বাবুর কাছে ফোন রেকর্ডিং রয়েছে টাকা লেনদেনের। অবশেষে বাধ্য হয়ে তিনি পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করলেন। উল্লেখ্য বিধানসভা ভোটের প্রাক্কালে তিনি এই টাকা দিয়েছিলেন এমনটাই দাবি দেবশীষ বাবুর। শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করেছে তবে বিজয় দেবনাথ নস্যাৎ করে দিয়েছেন টাকা নেওয়ার কথা তিনি বলেছেন অভিযোগ ভিত্তিহীন।

১৬ বছরের নাবালিকা চার মাসের গর্ভবতী ,অভিযোগ পুলিশের কাছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ অক্টোবর : ১৬ বছরের নাবালিকা গর্ভবতী হয়ে গেছে চার মাসের তার নিকটাত্মীয় অভিযোগ দায়ের করে শামুকতলা থানার পুলিশের কাছে । পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে ঘটনার তদন্ত শুরু করেছে। নাবালিকা তার মাসির বাড়িতে থাকতো । আর সেখানেই তার সঙ্গে তার পাশের বাড়ির এক যুবকের শারীরিক সম্পর্ক গড়ে উঠে । পরবর্তীতে ওই নাবালিকা চার মাসের গর্ভবতী হয়ে পড়ে বিষয়টি জানাজানি হওয়ার পরে সোমবার সন্ধ্যায় শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন নাবালিকার নিকট আত্মীয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে অভিযোগের পরিপ্রেক্ষিতে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

পাচারের আগেই উদ্ধার পঞ্চাশ কেজি গাঁজা ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৫ অক্টোবর : গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে জলপাইগুড়ি শিলিগুড়ি যাবার জাতীয় সড়কের বন্ধুনগর এলাকায় অভিযান চালিয়ে ভোরের আলো খানার সাদা পোষাকের পুলিশ একটি ছয় চাকার ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় গাঁজা ভরতি চারটি নীল রঙের পলিথিন প্যাকেট। গ্রেপ্তার করা হয় গাড়ি চালক জাহানুর আলি মিঞা কে, তার বাড়ি কোচবিহার জেলার সাহেবগঞ্জ থানার বালাকুড়া গ্রামে। ধূতের হেফাজতে থাকা নগদ দুহাজার টাকা ও একটি মোবিসল ফোন ও বাজেয়াপ্ত করা হয় জানা গেছে সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধূতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। পুলিশের অনুমান এই গাঁজা কোচবিহার থেকে অন্যত্র পাচারের হক ছিলো। এই পাচার চক্রে আরও কেউ জড়িত আছে কিনা, কোথা থেকে এই গাঁজা সংগ্রহ করে কোথায় পাচার করার হক ছিলো তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL